তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# 'জাতীয়করণ ছাড়া শিক্ষা ব্যবস্থার উন্নয়ন অসম্ভব'

■ বরিশাল ব্যুরো

বরিশালে শিক্ষক নেতারা বলেছেন, জাতীয়করণ করা ছাড়া দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন অসম্ভব। শিক্ষার ক্ষেত্রকে আরও প্রসারিত করতে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ৫ ভাগ প্রবৃদ্ধি প্রদান এবং নন-এমপিও প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অবিলম্বে এমপিওভুক্ত করার দাবি জানান তারা।

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের বরিশাল বিভাগীয় কমিটির উদ্যোগে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়। নগরীর ফজলুল হক এভিনিউর সংগঠন কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিভাগীয় আহ্বায়ক অধ্যক্ষ মহসিন উল ইসলাম হাবুল।

তিনি লিখিত বক্তব্যে বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন দপ্তরগুলোর মধ্যে কোনো সমন্বয় নেই। মাউশি, শিক্ষা বোর্ড, মাদ্রাসাসহ সংশ্লিষ্ট দপ্তরগুলো পরিপত্র, প্রজ্ঞাপন ও আদালতের নির্দেশনায় চলছে। এর খেসারত দিতে হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের। চলতি বছর একাধিকবার অডিটের নামে শিক্ষক-কর্মচারীদের হয়রানি করা হয়। ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে শিক্ষাব্যবস্থা।